

শেখ হাসিনার দিন বদলে
সমাজসেবা এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
গোপনীয় অনুবেদন শাখা
ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.dss.gov.bd



নম্বর: ৪১.০১.০০০০.০১৫.২১.০৩১.২০-১০

তারিখ: ২০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

পরিপত্র

বিষয়ঃ সমাজসেবা অধিদফতরধীন উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের গোপনীয় অনুবেদন সংক্রান্ত প্রশাসনিক সোপান পুনঃবিন্যাসকরণ।

উপজেলা সমাজসেবা কার্যালয়ে সহকারী সমাজসেবা কর্মকর্তার পদ সৃজন হওয়ায় 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা -২০২০' এর ধারা ২.৫.২ এর বিধান অনুযায়ী উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত প্রশাসনিক সোপান নিম্নরূপভাবে পুনঃবিন্যাস করা হলো:

ক) উপজেলা সমাজসেবা কার্যালয়ে কর্মরত সহকারী সমাজসেবা কর্মকর্তার গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর করবেন সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং প্রতিস্বাক্ষর করবেন সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক;

খ) উপজেলা সমাজসেবা কার্যালয়ে কর্মরত সকল পর্যায়ের কর্মচারীদের গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর করবেন সংশ্লিষ্ট সহকারী সমাজসেবা কর্মকর্তা এবং প্রতিস্বাক্ষর করবেন সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা;

গ) সহকারী সমাজসেবা কর্মকর্তার অবর্তমানে বা পদ শূণ্য থাকলে উপজেলা পর্যায়ে সকল কর্মচারীদের গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর করবেন সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং প্রতিস্বাক্ষর করবেন সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোনঃ ৫৫০০৭০২৪
dg@dss.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল).....।
৩. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত পরিচালক (পরিচালনা ও উন্নয়ন/কার্যক্রম-১,২/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর, ঢাকা/বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল).....।
৫. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমী, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৬. উপপরিচালক, বিভাগীয়/জেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।
৭. সহকারী পরিচালক (জেলা সমাজসেবা কার্যালয়/শিশু উন্নয়ন কেন্দ্র/আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র/পিএইচটি সেন্টার) (সকল).....।
৮. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল).....।